# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

বরাবর
বার্তা সম্পাদক
আপনার জনপ্রিয় সংবাদ মাধ্যমে নিম্নোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি প্রকাশ/প্রচারের অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদসহ

সুলতানা কামাল
আহ্বায়ক

## নির্যাতন ও হেফাজতে মৃত্যু নিবারণ আইনে পুলিশের সংশোধনের প্রস্তাবে হিউম্যান রাইটস ফোরাম, বাংলাদেশ-এর উদ্বেগ

নির্যাতন ও হেফাজতে মৃত্যু নিবারণ আইনে পরিবর্তন আনতে পুলিশ বিভাগের পক্ষ থেকে প্রস্তাব করায় হিউম্যান রাইটস ফোরাম, বাংলাদেশ গভীর উদ্বেগ প্রকাশ করছে। হিউম্যান রাইটস ফোরাম, বাংলাদেশ হচ্ছে– ১৯টি মানবাধিকার সংগঠনের সমন্বয়ে গঠিত একটি কোয়ালিশন।

সম্প্রতি বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত খবরে বলা হয়েছে পুলিশ সদর দপ্তর থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো এক প্রস্তাবে নির্যাতন ও হেফাজতে মৃত্যু নিবারণ আইন ২০১৩-এর ১৪টি ধারা ও উপধারায় পরিবর্তন আনার সুপারিশ করা হয়েছে। সাতটি ধারা বিলুপ্ত ও একটি নতুন ধারা যুক্ত করার সুপারিশ করেছে পুলিশ। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনৈতিক ও আইন শাখা এ নিয়ে কাজ শুরু করেছে। এবিষয়ে মতামত তৈরি করে আইনটি সংশোধনের প্রস্তাব করা হবে। উল্লেখ্য, বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ৩৫(৫) এ বলা হয়েছে– "কোন ব্যক্তিকে যন্ত্রণা দেয়া যাইবে না কিংবা নিষ্ঠুর, অমানুষিক বা লাঞ্ছনাকর দণ্ড দেয়া যাইবে না কিংবা কাহারও সাথে অনুরূপ ব্যবহার করা যাইবে না।"

নির্যাতন এবং অন্যান্য নিষ্ঠুর, অমানবিক অথবা অমর্যাদাকর আচরণ অথবা শাস্তির বিরুদ্ধে জাতিসংঘ সনদের কার্যকারিতা দিতে এই আইনটি করা হয়েছিল। ১৯৯৮ সালের ৫ অক্টোবর বাংলাদেশ এ সনদ অনুমোদন করে। পুলিশি হেফাজতে নির্যাতনের শিকার আওয়ামী লীগের সংসদ সদস্য সাবের হোসেন চৌধুরী ২০০৯ সালে জাতীয় সংসদে বেসরকারি বিল হিসেবে নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) বিল উত্থাপন করেন। অনেক যাচাই বাছাই শেষে ২০১৩ সালে আইনটি সংসদে পাশ হয়।

নিরাপত্তা হেফাজতে নির্যাতন ও মৃত্যুর ঘটনা মানবাধিকারের চরম লঙ্ঘন। বাংলাদেশের আইন-শৃঙ্খলা বাহিনীর বিরুদ্ধে বিভিন্ন সময় হেফাজতে নির্যাতন এবং নির্যাতনের ফলে মৃত্যুর অভিযোগ রয়েছে। বর্তমানে যখন আইন-শৃঙ্খলা বাহিনীর বিরুদ্ধে হেফাজতে 'বিচারবহির্ভূতভাবে' হত্যার অভিযোগ উঠছে তখন তাদের তরফ থেকে এ আইনের সংশোধনী এনে আইন-শৃঙ্খলা বাহিনীকে জবাবদিহিতার উর্ধ্বে রাখার প্রস্তাব অত্যন্ত উদ্বেগজনক।

এইচআরএফবি– অবিলম্বে প্রকাশ্য ঘোষণার মাধ্যমে সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক এ প্রস্তাব প্রত্যাখ্যান করতে সরকারের প্রতি দাবি জানাচ্ছে। পাশাপাশি যার বিরুদ্ধেই নির্যাতনের অভিযোগ আসুক না কেন তা নিরপেক্ষ ও বিশ্বাসযোগ্যভাবে তদন্ত করা হবে এবং নির্ভরযোগ্য প্রমাণ পাওয়া গেলে কাউকেই কোন ছাড় দেয়া হবে না মর্মে সরকারের কাছ থেকে আমরা স্পষ্ট ঘোষণার দাবি জানাচ্ছি।

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045
Email: ask@citechco.net web: www.askbd.org
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mohila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)